09 JUN 2017
তারিখ ... 11 JUN 2017
পৃষ্ঠা ...৪... কলাম ...৬...

সমকাল

# রাবির ভর্তি পরীক্ষা শুরু ২২ অক্টোবর

■ রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণির ভর্তি পরীক্ষা আগামী ২২ থেকে ২৬ অক্টোবর অনুষ্ঠিত হবে। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আব্দুস সোবহানের সভাপতিত্বে ভর্তি পরীক্ষা উপকমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখার উপ-রেজিস্ট্রার এএইচএম আসলাম হোসেন জানান, যাতে অন্য পাবিলক বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার তারিখের সঙ্গে মিলে না যায়, তাই প্রাথমিকভাবে ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়েছে। গত বছর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) সঙ্গে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার সময়সূচি নিয়ে সমস্যা সৃষ্টি হয়েছিল।

অন্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমস্যা এড়াতে দ্রুত তারিখ নির্ধারণ করেছে ভর্তি উপ-কমিটি। আবেদনের যোগ্যতা, সময়সীমা, আসন সংখ্যা, ভর্তি পরীক্ষার নিয়মের বিষয়ে পরবর্তী সভায় আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানান তিনি।

গত বছর বিশ্ববিদ্যালয়ের ৫৭টি বিভাগ ও দুটি ইনস্টিটিউটে কোটাসহ চার হাজার ৭১২ শিক্ষার্থী ভর্তির সুযোগ পেয়েছিলেন। তবে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে আসন সংখ্যা বাড়ানো হবে কি-না তা এখনও সিদ্ধান্ত হয়নি।